

## 134087 - আগে কায়া রোয়াগুলো পালন করবে তারপর মৃতের পক্ষ থেকে রোয়া রাখবে

### প্রশ্ন

এই মেইল পাঠানোর দুই সপ্তাহ আগে আমার স্ত্রী মারা গেছেন (আল্লাহ্ তার প্রতি রহম করুন)। মাসিকের কারণে তার সাতদিনের রোয়া ভাংতি পড়েছে। রোয়াগুলোর কায়া পালনের আগেই সে মারা গেছে। আমি কি তার পক্ষ থেকে রোয়াগুলোর কায়া পালন করব? উল্লেখ্য, আমি আমার যিস্মাতে আবশ্যিক হওয়া এক মাসের রোয়ার কায়া পালন করিনি? নাকি আগে আমার রোয়াগুলো রাখব; তারপর তার রোয়াগুলো রাখব?

### প্রিয় উত্তর

যদি বাস্তবতা এমনই হয় যেমনটি প্রশ্নে উল্লেখ করা হয়েছে তাহলে আপনার উপর আবশ্যিক হলো প্রথম আপনার রোয়াগুলো রাখা; তারপর আপনার স্ত্রীর যে কয়েক দিনের রোয়া কায়া আছে সেগুলো রাখা আপনার জন্য শরিয়তসম্মত হবে। যেহেতু নবী সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি কিছু রোয়া রেখে মারা গেছে; তার ওলি (নিকটাত্তীয়) তার পক্ষ থেকে রোয়া রাখবে।”[হাদিসটির শুন্দতার ব্যাপারে সকলে একমত] ওলি দ্বারা উদ্দেশ্য আত্মীয়। আপনি তার আত্মীয়।

আল্লাহতে তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।

গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুল আযিয আলুশ শাইখ, শাইখ বকর আবু যাইদ।

[ফাতাওয়াল লাজনাদ দায়িমা, আল-মাজমুআ আচ-ছানিয়া (৯/২৬১)]